দৈনিক ইনকিলাব

FEB. 04 2002

তারিখ ...
পৃষ্ঠা ৮ কলাম ৩

ছাত্র-ছাত্রীরা পায়ে হেঁটে যাতায়াত করছে

# ঢাবিতে ছাত্রদলের দু'গ্রুপের সংঘর্ষে ছাত্র গুলীবিদ্ধ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে গতকাল (রবিবার) সন্ধ্যায় ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে সংঘটিত এক বন্দুকযুদ্ধে বিশ্ববিদ্যালয়ের এক ছাত্র গুলীবিদ্ধ হয়। আহত ছাত্রের নাম আব্দুর রশীদ লিটন। সে ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র। এ ঘটনায় কমপক্ষে ১২/১৪ রাউন্ড গুলীবর্ষণের ঘটনা ঘটে।

ক্যাম্পাস এলাকায় ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে। ক্যাম্পাস সূত্র জানায়, ছাত্রনেতা সাইদ ইকবাল টিটু ও আহসান উদ্দিন খান শিপনের নেতৃত্বে লাল্টু গ্রুপের একদল নেতা-কর্মী গতকাল সন্ধ্যা সোয়া ৬টার দিকে জহুরুল হক হল থেকে জসিম উদ্দিন হলের দিকে যাচ্ছিল। পথিমধ্যে মলচত্বরে তাদেরকে এক সাথে আসতে দেখে সূর্যসেন হল থেকে বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মামুন গ্রুপের কর্মীরা তাদের ধর ধর বলে ধাওয়া করে। লাল্টু গ্রুপের কর্মীরা সূর্যসেন হল আক্রমণ করতে আসছে– এ ধারণায় মামুন গ্রুপের কর্মীরা তাদের ধাওয়া দেয় বলে জানা গেছে। এ সময় দু'পক্ষের মধ্যে গুলীবিনিময় হয়। এ সময় একটি গুলী বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের ছাত্র লিটনের ডান উরুতে বিদ্ধ হয়। লিটন তখন মলচত্বরে বসে বন্ধুদের সাথে আড্ডা দিচ্ছিল। তার পিতার নাম আব্দুল লতিফ।

৭-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## ছাত্র গুলীবিদ্ধ

প্রথম পৃষ্ঠার পর

সে নারায়ণগঞ্জের বাসা থেকে এসে ক্লাস করে। আহত অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

ঘটনার পরপরই মলচত্বরসহ সূর্যসেন ও জসীম উদ্দিন হলের সামনে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়। শেষ খবর পাওয়া পর্যন্ত পুলিশ হল তল্লাশির প্রস্তুতি নিচ্ছিল। ক্যাম্পাস এলাকায় উত্তেজনা বিরাজ করছে। ছাত্রদলের দু'গ্রুপের সংঘর্ষ চলাকালে জসীম হলের সামনে একটি মেয়ে আহত হয় বলে সূত্র জানায়। তবে তার পরিচয় জানা যায়নি।